

“জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০১৭” উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ শাহ্ কামাল সচিব দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
তারিখ	:	২০ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ।
সময়	:	বিকাল-৫.০০ টা
স্থান	:	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট "ক তে সংযোজন করা হলো।-

সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সকলের দৃষ্টি আকর্ষণ করে সভাপতি তাঁর বক্তব্যে জানান যে, আগে প্রতি বছর এ দিবসটি মার্চ মাসের শেষ বৃহস্পতিবার উদযাপিত হয়ে আসছিল। গত বছর থেকে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক দিবসটি তৎপরিবর্তে ১০ মার্চ উদযাপন করা হচ্ছে। তাই ০২ মার্চ ২০১৭ তারিখের মধ্যেই যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে। এ পর্যায়ে তিনি সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন।

১। এবারের প্রতিপাদ্য বিষয়ঃ সভাপতি মহোদয় সকলের অবগতির জন্য জানান যে, নিম্নবর্ণিত ভাবে এ বছরের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে;

দুর্যোগের প্রস্তুতি সারাক্ষণ

আনবে টেকসই উন্নয়ন”

এই প্রতিপাদ্যের প্রতি দৃষ্টি রেখে আমাদের পোষ্টার, ক্রোড়পত্র, ষ্টল, সড়কদ্বীপ সজ্জা, মঞ্চ সজ্জাসহ সকল বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। তিনি তাঁর বক্তব্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সাথে মিল রেখে অধিদপ্তরের কার্যক্রম গ্রহণের প্রতি অভিমত ব্যক্ত করেন এবং প্রতি বছরের ন্যায় এ বছরেও এনজিও/ বেসরকারি সংস্থাসমূহ যে সকল কর্মসূচিতে সহযোগিতা করতে ইচ্ছুক স্বতঃস্ফূর্তভাবে তা সভায় উত্থাপনের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর এনজিও/বেসরকারি সংস্থাসমূহের প্রতিনিধিগণ দিবসটি উদযাপনে তাদের সহযোগিতার বিষয়ে বিভিন্ন প্রস্তাবনা পেশ করেন। অধিদপ্তরের পরিচালক (পরিচালনা ও উন্নয়ন) জনাব এম খালিদ মাহমুদ ও ড. অর্কেন্দু শেখর রায়, যুগ্মসচিব (দুব্যক-১), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এ বিষয়ে যাবতীয় সমন্বয় করবেন। যোগাযোগের জন্য তাঁদের মোবাইল ও ই-মেইল নম্বর যথাক্রমে- ০১৭১২৬৬৩৪৭৬, ০১৫৩৪৬১২১৮২ ও ০১৭১৫৩৭২৪৮৩ এবং ই-মেইল-kmahmood1161@gmail.com ও amrashobai-2010@yahoo.com- এ প্রদত্ত হলো। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

২.১ পোষ্টার ছাপানোঃ পোষ্টার-এর জন্য যথাযথ ডিজাইন নির্ধারিত প্রেস কর্তৃক প্রনয়ন ও মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন করতে হবে। এ বছরের প্রতিপাদ্যের সাথে মিল রেখে পোষ্টার ছাপানোর জন্য বিগত বছর গুলোতে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রেস ডাইনামিক প্রিন্টার্স, ৫২/১, আরাববাগ, মতিঝিল, ঢাকা (মোবাইল নং-০১৭১৫৩০৩২১৭, ই-মেইল-dynamick52@gmail.com)কে

